

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কয়রা, খুলনা।
<http://dae.koyra.khulna.gov.bd>

তারিখঃ ২৯/০৮/২০২৩খ্রিঃ

স্মারক নং- ১২.১৮.৪৭৫৩.০৩৯.১৬.০৮১.২৩.

প্রাপক

মেসার্স.....

প্রোগ.....

পাইকারী/খুচরা কীটনাশক বিক্রেতা


কয়রা, খুলনা।

বিষয়ঃ সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক বিক্রয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, বর্তমানে কয়রা উপজেলায় সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক যেমন- রিপকট-১০ইসি, কট-১০ইসি, রিলোথ্রিন-১০ইসি, সেফা-১০ইসি, সুরক্ষা-১০ইসি, গতি-১০ইসি ইহা ছাড়াও এই গ্রুপের আরও কীটনাশক পার্শ্ববর্তী সুন্দরবনে মাছ শিকারের কাজে ব্যবহৃত হচ্ছে। যাহা পরিবেশ দূষণ ও মৎস্য সম্পদের জন্য হুমকি। এমতাবস্থায় আপনার দোকান হতে এই ধরনের কীটনাশক বিক্রয়ের ক্ষেত্রে আপনার বিক্রয় রেজিস্টারে ক্রয়কারীর নাম, পূর্ণাঙ্গ ঠিকানা ও পরিমাণ উল্লেখ সহ স্বাক্ষর গ্রহণ করে মেমো প্রদান করার জন্য বলা গেল।

এমতাবস্থায় উপরের উল্লেখিত শর্তে লঙ্ঘন ঘটলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।


২৯/০৮/২৩


অসীম কুমার দাশ
উপজেলা কৃষি অফিসার
কয়রা, খুলনা।

তারিখঃ ২৯/০৮/২০২৩খ্রিঃ

স্মারক নং- ১২.১৮.৪৭৫৩.০৩৯.১৬.০৮১.২৩.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, খুলনা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা।
- ৪। অফিসার ইন-চার্জ, কয়রা থানা, কয়রা, খুলনা।
- ৫। অফিস নথি।


২৯/০৮/২৩

অসীম কুমার দাশ
উপজেলা কৃষি অফিসার
কয়রা, খুলনা।